

## ঈদে অতি: ফ্লাইট চালাবে বিমান

- A Monitor Desk Report

Date: 24 May, 2025



ঢাকাঃ আসন্ন কোরবানির ঈদ উপলক্ষ্যে ঢাকা থেকে উত্তরাঞ্চলের সৈয়দপুর, রাজশাহী এবং দক্ষিণে কক্সবাজার রুটে অতিরিক্ত ফ্লাইট চালানোর ঘোষণা দিয়েছে বিমান বাংলাদেশ এয়ারলাইন্স।

বিমানের জনসংযোগ শাখার মহাব্যবস্থাপক এ বি এম রওশন কবীর বলেন, “ঈদে অতিরিক্ত ফ্লাইটগুলোর মধ্যে সৈয়দপুরে ৪টি এবং রাজশাহী রুটে ৩টি ফ্লাইট চলবে।

“আর কক্সবাজারে যেহেতু ইদযাত্রা ছাড়াও অনেকেই ছুটি কাটাতে যান, সেখানে কতগুলো অতিরিক্ত ফ্লাইট চলবে, সেটি এখনও সিদ্ধান্ত হয়নি। শনি বা রবিবার সে বিষয়ে সিদ্ধান্ত হবে।”

শুক্রবার (২৩ মে) রাষ্ট্রায়ত্ব এ উড়োজাহাজ সংস্থা এক সংবাদ বিজ্ঞপ্তিতে বলেছে, ঈদ উপলক্ষ্যে ঘরমুখো যাত্রীদের চাহিদার কথা বিবেচনা করে নিয়মিত ফ্লাইটের পাশাপাশি অতিরিক্ত এসব ফ্লাইট পরিচালনা করার উদ্যোগ নিয়েছে বিমান কর্তৃপক্ষ।

এরমধ্যে আগামী ২, ৫ ও ৬ জুন ঢাকা-সৈয়দপুর-ঢাকা রুটে, আগামী ২, ৩ ও ৫ জুন ঢাকা-রাজশাহী-ঢাকা রুটে এবং আগামী ৯ জুন ঢাকা-কক্সবাজার-ঢাকা রুটে অতিরিক্ত ফ্লাইটগুলো চলবে।

ইতোমধ্যে সংশ্লিষ্ট সিস্টেমে ফ্লাইটগুলোর সময়সূচি সংযুক্ত করা হয়েছে এবং বিক্রয়ের জন্য সব চ্যানেলে টিকেট উন্মুক্ত করা হয়েছে বলে বিজ্ঞপ্তিতে জানিয়েছে বিমান।

যাত্রীরা বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের আউটলেট, সেলসসেন্টার, অফিসিয়াল ওয়েবসাইট, মোবাইল অ্যাপ ও কল সেন্টারের (১৩৬৩৬) মাধ্যমে টিকেট কিনতে পারবেন।

টিকেট পাওয়া যাবে বিমান বাংলাদেশ এয়ারলাইন্স অথবা আইএটিএ অনুমোদিত ট্রাভেল এজেন্সির মাধ্যমেও।

**-B**